অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/19/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল প্রায় 3 মিলিয়ন নিউ ইয়র্কবাসীর জন্য 2.3 বিলিয়ন মার্কিন ডলারের কর ত্রাণের উপর আলোকপাত করলেন

STAR কর্মসূচি স্টেটব্যাপী পরিবার ও বয়স্কদের কর মওকুফ এবং ক্রেডিট প্রদান করে

STAR ডিজিটাল পোর্টালে নিউ ইয়র্কবাসীরা সরাসরি ডিপোজিটের মাধ্যমে STAR ক্রেডিট পেতে পারবে

এই বছরের সরাসরি ডিপোজিটের জন্য সাইন আপ লং আইল্যান্ডের জন্য এখনো উপলভ্য আছে

গভর্নর ক্যাথি হোকল আজকে স্টেটের স্কুল কর ত্রাণ (School Tax Relief, STAR) কর্মসূচির অধীনে প্রায় তিন মিলিয়ন নিউ ইয়র্কবাসীকে 2.3 বিলিয়ন মার্কিন ডলার কর ত্রাণ প্রদান করার নিউ ইয়র্ক স্টেটের চলমান প্রয়াসের উপর আলোকপাত করলেন। দুই মিলিয়নের বেশি নিউ ইয়র্কবাসী ইতিমধ্যেই তাদের STAR কর ত্রাণ পেয়েছে এবং প্রায় এক মিলিয়ন আগামী সপ্তাহগুলিতে তাদের বেনিফিট পাবে। এছাড়াও গভর্নর তুলে ধরেন যে আগামী সপ্তাহগুলিতে তাদের STAR ক্রেডিট প্রদান করার পূর্বে লং আইল্যান্ডের নিউ ইয়র্কবাসীরা এখনো সরাসরি ডিপোজিটের জন্য সাইন আপ করতে পারে।

"স্কুলে ফেরত যাওয়ার মৌসুম কয়েক মিলিয়ন নিউ ইয়র্কবাসীর জন্য কর ত্রাণের মৌসুমও," **গভর্নর হোকল বলেন।** "কর ক্রেডিট থেকে শুরু করে চাইল্ড কেয়ার সহায়তা (child care assistance) এবং গ্রীষ্মকালীন খাদ্য বেনিফিট পর্যন্ত বিভিন্নভাবে নিউ ইয়র্কবাসীদেরকে আরো বেশি অর্থ ফেরত দেওয়া আমরা অব্যাহত রেখেছি যাতে জীবনযাপনের ব্যয় সহজ করা যায় এবং আমাদের স্টেটজুড়ে পরিবারসমূহকে সাহায্য করা যায়।"

STAR কর্মসূচিটি নিউ ইয়র্ক স্টেটের যোগ্য বাড়ির মালিকদের এবং পুরো স্টেটের বয়স্ক নাগরিকদের সম্পত্তির কর ত্রাণ প্রদান করে। প্রত্যেক STAR বেনিফিটের মার্কিন ডলারের পরিমাণ নির্ভর করে বাসিন্দার আয়ের মাত্রা এবং অন্যান্য নির্ণায়কের উপর।

500,000 মার্কিন ডলার বা তার কম আয়ের বাড়ির মালিকদের জন্য, সাধারণত কয়েকশত মার্কিন ডলার STAR বেনিফিট প্রদান করা হয়। 98,700 মার্কিন ডলারের কম আয়ের 65 বছর বা তার বেশি বয়সী বয়স্কদের জন্য STAR বেনিফিট 1,000 মার্কিন ডলার অতিক্রম করতে পারে।

নিউ ইয়র্কবাসীরা দুইটি উপায়ের যেকোনো একটির মাধ্যমে এই বেনিফিট পেতে পারবে: চেক বা বাসিন্দার কাছে সরাসরি ডিপোজিটের মাধ্যমে প্রদত্ত STAR ক্রেডিট, বা একটি STAR মওকুফ যা তাদের বার্ষিক স্কুল কর বিলকে হ্রাস করে। এই কর্মসূচিতে একবার নাম লেখানোর পর, কোনো বাড়ির মালিককে এই ক্রেডিট বা মওকুফ পেতে থাকার জন্য আর কোনো পদক্ষেপ গ্রহণ করতে হবে না। কর্মসূচির ব্যাপারে আরো তথ্য এখানে পাওয়া যাবে।

2 মিলিয়নের বেশি নিউ ইয়র্কবাসী ইতিমধ্যেই তাদের STAR কর ত্রাণ পেয়ে গেছে, এবং আগামী সপ্তাহগুলিতে আরো প্রায় এক মিলিয়ন নিউ ইয়র্কবাসীকে অবশিষ্ট ত্রাণ প্রদান করা হবে। স্কুল কর পরিশোধের তারিখের পূর্বের সময়সূচির উপর ভিত্তি করে সাধারণত STAR ক্রেডিট প্রদান করা হয়। যদিও পুরো স্টেটে সবথেকে প্রচলিত স্কুল কর পরিশোধের তারিখ 30 সেপ্টেম্বর, লং আইল্যান্ডের মতো স্টেটের কিছু অংশে তা পরিশোধ করার সময় এই শরতের শেষের দিকে।

এই বছরের মোট 2.3 বিলিয়ন মার্কিন ডলার STAR বেনিফিট এবং প্রায় 3 মিলিয়ন প্রাপকের অঞ্চল অনুযায়ী বিভাজন নিচে দেওয়া হলো:

অঞ্চল	**STAR কর ত্রাণ**	**প্রাপক**
Long Island	736.4 মিলিয়ন মার্কিন ডলার	596,000
Mid-Hudson	515.2 মিলিয়ন মার্কিন ডলার	414,000
Finger Lakes	216.4 মিলিয়ন মার্কিন ডলার	286,000
Western New York	188.2 মিলিয়ন মার্কিন ডলার	328,000
New York City	167.3 মিলিয়ন মার্কিন ডলার	495,000
Capital Region	152.3 মিলিয়ন মার্কিন ডলার	248,000
Central New York	138.3 মিলিয়ন মার্কিন ডলার	180,000
Southern Tier	115.6 মিলিয়ন মার্কিন ডলার	160,000
Mohawk Valley	69.9 মিলিয়ন মার্কিন ডলার	103,000
North Country	49.8 মিলিয়ন মার্কিন ডলার	90,000
মোট	**2.3 বিলিয়ন মার্কিন ডলার**	**2.9 মিলিয়ন**

এই বছর গভর্নর হোকল এবং স্টেটের কর বিভাগ (Tax Department) সর্বপ্রথম STAR ডিজিটাল পোর্টাল শুরু করেছেন। নতুন এই পোর্টালটি STAR ক্রেডিট পাওয়া নিউ ইয়র্কবাসীকে মেইলের মাধ্যমে একটি ভৌত চেকের পরিবর্তে সরাসরি ডিপোজিটের মাধ্যমে তাদের ক্রেডিট পাওয়ার জন্য সাইন আপ করতে দেয়।

এই বছরের পেমেন্টের জন্য সরাসরি ডিপোজিটের সাইন আপ এখনো লং আইল্যান্ডের নিউ ইয়র্কবাসীর জন্য উপলভ্য আছে যেহেতু তাদের ক্রেডিট আগামী সপ্তাহগুলিতে প্রেরণ করা হবে।

STAR ক্রেডিটপ্রাপ্ত সকল নিউ ইয়র্কবাসী আগামী বছরের পেমেন্ট পেতে সরাসরি ডিপোজিটের জন্য সাইন আপ করতে ডিজিটাল পোর্টালটি ব্যবহার করে যেতে পারবে।

এইসব প্রয়াসের অংশ হিসেবে গভর্নর হোকল পুরো স্টেটের পরিবারসমূহের জন্য জীবনযাত্রার ব্যয় হ্রাস করার ব্যাপারে তার মনোযোগ অব্যাহত রেখেছেন।

সিনেটের সংখ্যাগরিষ্ঠ নেতা অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন্স বলেন, "STAR কর্মসূচিটি নিউ ইয়র্কবাসীর জন্য একটি অতি গুরুত্বপূর্ণ লাইফলাইন, এটি পুরো স্টেটের বাড়ির মালিকদের জন্য সম্পত্তির করে আর্থিক চাপ নির্মূল করতে সাহায্য করে। এইসব কর সাশ্রয়ের প্রয়াসসমূহ হলো বর্ধিষ্ণু জীবনযাপনের ব্যয়ের চাপের সম্মুখীন হওয়া নিউ ইয়র্কের কর্মজীবী পরিবারসমূহকে সমর্থন করতে আমাদের প্রতিশ্রুতির একটি প্রমাণস্বরূপ। STAR কর্মসূচিটি অব্যাহতভাবে কয়েক মিলিয়ন বাড়ির মালিক ও বয়স্কদের জন্য একটি অত্যাবশ্যকীয় সংস্থান হয়ে আছে, এবং নতুন সরাসরি ডিপোজিটের বিকল্পের মাধ্যমে আমরা নিউ ইয়র্কবাসীর জন্য এই অতি গুরুত্বপূর্ণ বেনিফিটের অ্যাক্সেসলাভ আরো সহজ করছি। STAR এর পাশাপাশি আমরা যাতে চাইল্ড কেয়ার সহায়তার অ্যাক্সেস সম্প্রসারিত করতে, চাইল্ড কর ক্রেডিট পেমেন্ট বৃদ্ধি করতে, এবং পুরো স্টেটের শিশুদের অতি প্রয়োজনীয় খাদ্য সহায়তা প্রদান করি তা নিশ্চিত করতে সিনেটের ডেমোক্রেটিক সংখ্যাগরিষ্ঠরা (Senate Democratic Majority) গভর্নর হোকল এবং অ্যাসেম্বলিতে আমাদের সহকর্মীদের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করেছে। একত্রে এইসব উদ্যোগসমূহ পরিশ্রমী নিউ ইয়র্কবাসীদের কাছে আরো অর্থ ফেরত দিতে আমাদের নিবেদনের প্রতিফলন করে।"

অ্যাসেম্বলির স্পিকার কার্ল হিস্টি বলেন, "আজকের ঘোষণাটি কয়েক মিলিয়ন নিউ ইয়র্কবাসীকে অতিরিক্ত সঞ্চয় প্রদান করবে যা বিনিয়োগ করা এবং তাদের সবথেকে প্রয়োজনীয় দৈনন্দিন সামগ্রীতে ব্যয় করার জন্য প্রয়োজন। এই কর্মসূচিটি যাতে সম্পূর্ণ অর্থায়িত থাকে এবং সহজে অ্যাক্সেসিবল হয় তা নিশ্চিত করতে আমাদের অব্যাহত প্রয়াস পুরো স্টেটের পরিবার ও বয়স্কদের জন্য নিউ ইয়র্ককে আরো সাশ্রয়ী করতে অ্যাসেম্বলির সংখ্যাগরিষ্ঠদের প্রতিশ্রুতির উপর আলোকপাত করে।"

অ্যাসেম্বলির সদস্য মিশেল সোলাজেস বলেন, "STAR কর্মসূচির মাধ্যমে অতি গুরুত্বপূর্ণ কর ত্রাণ, বিশেষ করে এইসব সম্পত্তি কর সাশ্রয়ের উপর নির্ভর করে এমন নির্দিষ্ট উপার্জনের

বয়স্ক ব্যক্তিদের জন্য, প্রদান করার জন্য আমি গভর্নর হোকলের প্রশংসা করছি। নতুন সরাসরি ডিপোজিটের বিকল্পটি দ্রুততর অ্যাক্সেস প্রদান করে, এবং এই বেনিফিটের পূর্ণ সদ্ব্যবহার করার জন্য সকল যোগ্য বাসিন্দাদেরকে আমি উৎসাহিত করছি।"

সিনেটর ব্র্যাড হোয়েলম্যান-সিগাল বলেন, "STAR কর্মসূচির অধীনে তিন মিলিয়ন নিউ ইয়র্কবাসীর কর ত্রাণ পাওয়ার যোগ্য, এবং এখন এই সরাসরি ডিপোজিটের কারণে এই বেনিফিটের অ্যাক্সেস পূর্বের যেকোনো সময়ের তুলনায় সহজতর হয়েছে। নিউ ইয়র্কবাসীকে তাদের সম্পত্তির কর পরিশোধে সাহায্য করতে স্টেটের বাজেটে দুই বিলিয়ন মার্কিন ডলারের বেশি বরাদ্দ করা এবং নিউ ইয়র্ক স্টেটকে এর বাসিন্দাদের জন্য আরো সাশ্রয়ী একটি স্থানে পরিণত করতে তাদের অব্যাহত প্রয়াসের জন্য গভর্নর হোকল এবং সংখ্যাগরিষ্ঠ নেতা স্টুয়ার্ট-কাজিন্সের প্রতি আমি কৃতজ্ঞ।"

সিনেটর লেরোয় কমরি বলেন, "আমার জেলার কর্মজীবী পরিবার এবং বাড়ির মালিকদের জন্য STAR কর্মসূচিটি একটি বিশাল স্বস্তি হয়ে আছে, এবং এই উদ্যোগে সমর্থন অব্যাহত রাখার জন্য আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাচ্ছি। বছরের পর বছর, পরিবার এবং বয়স্ক ব্যক্তিরা তাদের সম্পত্তির করের চাপ থেকে ত্রাণ পাওয়ার জন্য এই বেনিফিটের উপর নির্ভর করছে। ডিজিটাল পোর্টালের বাস্তবায়নের মাধ্যমে আমরা আরো বেশি নিউ ইয়র্কবাসীর জন্য এই কর্মসূচিকে সম্প্রসারিত করতে পারবো। এই বেনিফিট পাওয়ার যোগ্য সকলেই যাতে তা পেতে পারে তা নিশ্চিত করতে আমার অ্যাডভোকেসি এবং আউটরিচ আমি অব্যাহত রাখবো।"

সিনেটর জামাল টি বেইলি বলেন, "আমাদের সম্প্রদায়কে, বিশেষ করে দৈনন্দিন জীবনের ব্যয় নিয়ে সংগ্রাম করতে থাকা ব্যক্তিদের সমর্থন করা অতি গুরুত্বপূর্ণ। স্কুল কর ত্রাণ কর্মসূচির মাধ্যমে প্রায় 3 মিলিয়ন নিউ ইয়র্কবাসীর জন্য 2.3 বিলিয়ন মার্কিন লিডার কর ত্রাণ ঘোষণা করার জন্য গভর্নর হোকলের প্রতি আমি আমার কৃতজ্ঞতা জ্ঞাপন করতে চাই। আয়ের উপর ভিত্তি করে সম্পত্তির কর ত্রাণ প্রদান করা এই উদ্যোগটি চাইল্ডকেয়ার সমর্থন এবং খাদ্যের বেনিফিটের অ্যাক্সেস উন্নত করার মাধ্যমে পরিবারসমূহকে উল্লেখযোগ্যভাবে সহায়তা করবে। প্রতিদিনের প্রয়োজনের আর্থিক চাপ হ্রাস করার জন্য এই ব্যবস্থাসমূহ অত্যাবশ্যকীয় এবং আমাদের শিশুদের জন্য একটি উজ্জ্বলতর ভবিষ্যৎ নিশ্চিত করতে এটি সাহায্য করবে।"

সিনেটর শেলি বি মায়ার বলেন, "কয়েক মিলিয়ন নিউ ইয়র্কবাসী যে আগামী বছর স্টেটের নতুন স্কুল কর ত্রাণ সরাসরি ডিপোজিট কর্মসূচির মাধ্যমে সহজেই কর ত্রাণ পেতে পারবে তার জন্য আমি অত্যন্ত আনন্দিত। ওয়েস্টচেস্টারে সম্পত্তির কর অনেক পরিবারের জন্য, বিশেষ করে নির্দিষ্ট উপার্জন নিয়ে বাস করা বয়স্কদের জন্য একটি চাপ। যদিও ওয়েস্টচেস্টারের বহু বাসিন্দা ইতিমধ্যে তাদের এই বছরের চেক পেয়ে গেছে, কিন্তু আগামী বছরগুলিতে আপনারা যাতে ঝামেলামুক্ত উপায়ে এবং সময়মতো আপনাদের STAR চেক পেতে পারেন তার জন্য সরাসরি ডিপোজিটে সাইন আপন করতে আমি আপনাদের তাগিদ প্রদান করছি। সম্পত্তি করে চাপ অনুধাবন করার জন্য গভর্নর হোকলকে এবং এই চাপ সমাধানে যথাযথ পদক্ষেপ গ্রহণ করার জন্য আমার সহকর্মীদের আমি ধন্যবাদ জানাচ্ছি।"

সিনেটর পিটার হারখ্যাম বলেন, "এমন একটি সময়ে যখন প্রতিটি মার্কিন ডলার মূল্যবান, তখন নিউ ইয়র্ক স্টেট সক্রিয়ভাবে অর্থ প্রেরণ করছে এবং নিউ ইয়র্কবাসীদের ব্যাংক

অ্যাকাউন্টে পৌঁছে দিচ্ছে। গভর্নর এবং তার দল মধ্যবিত্ত শ্রেণীর জন্য ত্রাণের প্রয়োজন সম্পর্কে শুনেছেন এবং সাড়াদান করেছেন, আমার নাগরিকদের পক্ষ থেকে আমি ধন্যবাদ জানাচ্ছি। সরাসরি ডিপোজিটের মাধ্যমে STAR তহবিলের ত্বরান্বিত বিতরণ আমাদের স্টেটের জন্য আরেকটি অগ্রগামী ধাপ। 2.3 বিলিয়ন মার্কিন ডলার সম্পত্তি কর ত্রাণের এই বিতরণ পুরো নিউ ইয়র্কের সম্পত্তির করদাতাদের জন্য একটি গুরুত্বপূর্ণ পার্থক্য তৈরি করবে এবং হাডসন ভ্যালির স্থানীয় অর্থনীতিকে সমর্থন করবে।"

সিনেটর কেভিন টমাস বলেন, "2.3 বিলিয়ন মার্কিন ডলার কর ত্রাণ প্রদান করতে গভর্নর হোকলের ঘোষণাটি নিউ ইয়র্কবাসী, বিশেষ করে STAR কর্মসূচির উপর নির্ভর করা লং আইল্যান্ডের বাড়ির মালিকদের জন্য বিরাট পরিবর্তন নিয়ে আসবে। অ্যাক্সেস সম্প্রসারিত করে এবং সরাসরি ডিপোজিটের মাধ্যমে এই বেনিফিট পাওয়া অন্য যেকোনো সময়ের তুলনায় সহজতর করার মাধ্যমে আমরা নিশ্চিত করছি যাতে তাদের অধিকারের অর্থ তারা সময়মতো পেতে পারে।"

সিনেটর জেমস স্কোফিস বলেন, "STAR কর্মসূচিটি কয়েক মিলিয়ন কর পরিশোধকারী নিউ ইয়র্কবাসীর জন্য অত্যাবশ্যকীয়। এটি যেই ত্রাণ প্রদান করে তা স্টেটকে আরো সাশ্রয়ী করতে সরকারের প্রয়াসের একটি ভিত্তিপ্রস্তর। যদিও আরো কাজ নিঃসন্দেহে প্রয়োজন, তবে পরিবারসমূহের জন্য কর্মরত অবস্থায় এবং অবসর গ্রহণের পর নিজেদের বাসায় থেকে যেতে সহায়তা করার উদ্যোগসমূহে গভর্নর এবং সমমনা সহকর্মীদের সাথে অংশীদারিত্ব আমি অব্যাহত রাখবো।"

সিনেটর জেসিকা স্কারসেলা-স্প্যান্টন বলেন, "বিধায়ক হিসেবে আমাদের উচিত আমাদের পরিবারসমূহের বিকাশ ও সমৃদ্ধির জন্য নিউ ইয়র্ক স্টেটকে সাশ্রয়ী করতে সম্ভাব্য সকল কিছু কর্ক, এবং এর মধ্যে রয়েছে পরিশ্রমী নিউ ইয়র্কবাসীর কাছে যাতে চাইল্ডকেয়ার এবং নিজেদের সন্তানদের খাদ্য প্রদান করার সক্ষমতা থাকে তা নিশ্চিত করা। দুই সন্তানের প্যারেন্ট হিসেবে আমি নিজের অভিজ্ঞতা থেকে জানি কর্মজীবী পিতামাতার পকেটে অর্থ ফেরত দেওয়া কতটা গুরুত্বপূর্ণ, এবং নিউ ইয়র্কের পরিবারসমূহের অর্থনৈতিক কল্যাণকে অগ্রাধিকার প্রদান করতে এইসব উদ্যোগ যে একত্রে কাজ করছে সেই ব্যাপারে আমি অতি আনন্দিত।"

সিনেটর মনিকা মার্টিনেজ বলেন, "STAR কর্মসূচির কারণে লং আইল্যান্ডের পরিবারসমূহ অর্থপূর্ণ কর ত্রাণ পাচ্ছে। শুধু এই বছরে প্রদত্ত 2.3 বিলিয়ন মার্কিন ডলার সহায়তা নিউ ইয়র্কবাসীদের আর্থিক চাপ সহজ করবে, বাড়ির মালিকদের ক্রয়ক্ষমতা বৃদ্ধি করবে, এবং পরিবারসমূহকে তাদের গৃহস্থালির বাজেট ব্যবস্থাপনা করতে আরো নমনীয়তা প্রদান করবে। স্টেটব্যাপী সম্পত্তির মালিকদের জন্য এই অত্যাবশ্যকীয় সমর্থন প্রদান করা অব্যাহত রাখতে আইনসভার সাথে কাজ করার জন্য আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাচ্ছি।"

সিনেটর জন লিউ বলেন, "STAR ডিজিটাল পোর্টালটি নিউ ইয়র্কবাসীকে সম্পত্তির কর ত্রাণ পাওয়ার জন্য নতুন এবং সুবিধাজনক উপায় প্রদান করছে এবং প্রায় 3 মিলিয়ন নিউ ইয়র্কবাসীর জন্য 2.3 বিলিয়ন মার্কিন ডলার সঞ্চয় প্রদান করা এটি স্পষ্ট করেছে যে এই নতুন পোর্টালটি বাড়ির মালিকদের বাস্তব এবং স্পর্শনীয় সহায়তা প্রদান করছে। এই কর ক্রেডিটের

আধুনিকায়নের জন্য এবং বাসিন্দাদের জন্য তাদের প্রাপ্য পাওয়া আরো সহজ করার জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ।"

অ্যাসেম্বলির সদস্য চার্লস ল্যাভিন বলেন, "STAR কর্মসূচিটি সদা বর্ধিষ্ণু জীবনযাপনের ব্যয় সামাল দেওয়ার দারুণ একটি উপায় হয়ে আছে, এবং গভর্নর হোকলের কারণে এটি অব্যাহত থাকবে। কর্মসূচিটি বহাল রাখার মাধ্যমে এবং বেনিফিট পাওয়া আরেকটু সহজ করবে এমন প্রযুক্তিগত উন্নয়ন করার মাধ্যমে পরিবার ও বয়স্ক ব্যক্তিদের অর্থনৈতিক চাহিদাকে অগ্রাধিকার প্রদান করা হয়েছে।"

অ্যাসেম্বলির সদস্য ডিডি ব্যারেট বলেন, "হাডসন ভ্যালির পরিবারসমূহ বর্ধিত মূল্যের কারণে সংগ্রাম করছে, তাই আমাদের নাগরিক এবং বাসিন্দাদের আর্থিক ত্রাণ প্রদান করা আমাদের জন্য অতি গুরুত্বপূর্ণ," বলেন অ্যাসেম্বলির সদস্য ডিডি ব্যারেট। "STAR কর্মসূচি সম্পর্কে আজকের ঘোষণা, যা 3 মিলিয়নের বেশি নিউ ইয়র্কবাসীর জন্য কর ত্রাণ প্রদান করেছে, হলো নিউ ইয়র্ক স্টেটকে মধ্যবিত্ত পরিবারের সামর্থ্যের মধ্যে রাখা নিশ্চিত করতে আমাদের প্রতিশ্রুতির একটি প্রমাণস্বরূপ, এবং এই গুরুত্বপূর্ণ কর্মসূচিতে তার সমর্থনের জন্য গভর্নর হোকলকে আমি ধন্যবাদ জানাচ্ছি।"

অ্যাসেম্বলির সদস্য নিলি রোজিক বলেন, "ক্রয়ক্ষমতাকে অগ্রাধিকার প্রদান করা এবং STAR রিবেট কর্মসূচিকে বর্ধিত করার জন্য আমি গভর্নর হোকলের প্রতি কৃতজ্ঞ। সরাসরি ডিপোজিট শুরু করে এবং অ্যাক্সেসকে সরলীকৃত করে আমরা বর্ধিত মূল্য ব্যবস্থাপনা করার জন্য এই ত্রাণের উপর নির্ভর করা পরিবারসমূহের জন্য প্রতিবন্ধকতা অপসারণ করছি। এই উন্নয়ন শুধু সুবিধাজনক নয়, এগুলি নিউ ইয়র্কবাসীকে তাদের সম্প্রদায়ে সফল হতে সাহায্য করার ব্যাপারে আমাদের প্রতিশ্রুতি প্রদর্শন করে।"

অ্যাসেম্বলির সদস্য স্টিভেন ওটিস বলেন, "আমাদের 2024-25 স্টেট বাজেটের একটি মূল মনোযোগ ছিলো ক্রয়ক্ষমতা যার জন্য সম্পত্তির করে চাপ হ্রাস করা কর্মসূচিসমূহে বহু বৃদ্ধি করা হয়েছে, যেমন স্কুল জেলাসমূহের জন্য রেকর্ড পরিমাণ সহায়তা, সাধারণ স্টেট এইডের জন্য স্থানীয় সরকারসমূহের জন্য বর্ধিত তহবিল, রাস্তা ও ব্রিজ, পরিষ্কার পানি, এবং পরিবেশ বিষয়ক অনুদান। সম্পত্তির করের চাপ হ্রাস করার জন্য STAR এবং অন্যান্য কর্মসূচির পাশাপাশি বাজেট এছাড়াও চাইল্ড কেয়ার, সাশ্রয়ী আবাসন, টিউশন সহায়তা বৃদ্ধিসহ উচ্চশিক্ষা, এবং স্বাস্থ্যসেবার সমর্থনে তহবিল বৃদ্ধি করেছে। কর্মজীবী পরিবারের জন্য ব্যয় হ্রাস করতে গভর্নর হোকল এবং আইনসভার প্রতিশ্রুতি 2025 সালে অব্যাহত থাকবে। নিউ ইয়র্কবাসীর জন্য মূল্য হ্রাস করার প্রয়াসের সমর্থনে আমি আজকে গভর্নরের সাথে যোগদান করছি।"

অ্যাসেম্বলির সদস্য ল্যাট্রিস ওয়াকার বলেন, "আমার জেলায় বসবাস করা বাড়ির মালিকদেরকে স্কুল কর ত্রাণ কর্মসূচির সংবাদটি প্রদান করতে পেরে আমি খুশি। পরিশ্রমী নিউ ইয়র্কবাসীর তাদের পরিশ্রমের ফল পাওয়া উচিত। যোগ্য নিউ ইয়র্কবাসীরা কয়েকশত মার্কিন ডলার পর্যন্ত ত্রাণ পেতে পারবে যা গৃহস্থালির দৈনন্দিন ব্যয়ে ব্যবহার করা যাবে। স্টেটের একাধিক এলাকায় সরাসরি ডিপোজিটের সুবিধা কর্মসূচিটিকে আরো আকর্ষণীয় করেছে।"

অ্যাসেম্বলির সদস্য রডনিজ বিশোট হার্মিলিন বলেন, "স্কুলবর্ষের শুরুর সময়টি একটি দারুণ নতুন অধ্যায়, কিন্তু এটি বহু পরিবার ও কেয়ারগিভারদের জন্য আর্থিক কাঠিন্য নিয়ে আসে। নিউ ইয়র্কবাসীদের উত্থিত করার জন্য এবং প্রায় 3 মিলিয়ন নিউ ইয়র্কবাসীকে 2.3 বিলিয়ন মার্কিন ডলার কর ত্রাণ প্রদান করার মাধ্যমে স্কুলে ফেরত যাওয়ার চাপ সহজ করার জন্য আমি গভর্নর ক্যাথি হোকলের প্রশংসা করছি," বলেন অ্যাসেম্বলির সদস্য রডনিজ বিশোট হার্মিলিন। "STAR কর্মসূচিকে উন্নত করার মাধ্যমে, এবং একই সাথে চাইল্ডকেয়ারের অ্যাক্সেস বলীয়ান করা এবং চাইল্ড কর ক্রেডিটের পেমেন্ট সম্প্রসারিত করার মাধ্যমে আমরা সকল সম্প্রদায়ের জন্য নিউ ইয়র্ককে আরো সাশ্রয়ী করছি।"

অ্যাসেম্বলির সদস্য ক্লাইড ভ্যানেল বলেন, "কর্মজীবী মধ্যবিত্ত শ্রেণীর নিউ ইয়র্কবাসীর কাছে যাতে অর্থনৈতিকভাবে কঠিন এই সময়ে ত্রাণ থাকে তা নিশ্চিত করতে গভর্নর হোকলের প্রয়াসের আমরা প্রশংসা করছি। নিউ ইয়র্ক স্টেটের কর্মজীবী পরিবারের জন্য আমরা লড়াই অব্যাহত রাখবো।"

অ্যাসেম্বলির সদস্য চার্লস ফল বলেন, "এই উদ্যোগটি আমাদের পরিবারসমূহের উপর থেকে আর্থিক চাপ অপসারণে একটি অপরিহার্য ভূমিকা পালন করে, নিশ্চিত করে যাতে তারা সমৃদ্ধি করতে পারে এবং আমাদের সম্প্রদায়সমূহও উন্নতিলাভ করতে পারে। এই উদ্যোগের নেতৃত্ব দেওয়ার জন্য আমি গভর্নর হোকলের প্রশংসা করছি। স্ট্যাটেন আইল্যান্ডের 61তম জেলা, লোয়ার ম্যানহাটন এবং ব্রুকলিনের সকল ব্যক্তির জন্য সমতা, অ্যাক্সেস এবং সমৃদ্ধির ভিত্তিতে একটি ভবিষ্যৎ গঠনের জন্য কাজ অব্যাহত রাখতে আমি উন্মুখ।"

অ্যাসেম্বলির সদস্য ন্যাডার সায়েঘ বলেন, "সর্বপ্রথম STAR ডিজিটাল পোর্টাল শুরু করতে গভর্নরের কাজের জন্য আমি তার প্রশংসা করছি, এটি আমাদের স্টেটের প্রায় 3 মিলিয়ন পরিবারকে 2.3 বিলিয়ন মার্কিন ডলার কর ত্রাণ প্রেরণ করতে সাহায্য করেছে। এই ডিজিটাল পোর্টালের সূচনার মাধ্যমে বহু গৃহস্থালি এখন আরো দ্রুত এবং আরো কার্যকরভাবে তাদের ক্রেডিট পেতে পারবে। চাইল্ড কেয়ার সহায়তার সম্প্রসারিত অ্যাক্সেস, সম্প্রসারিত চাইল্ড কর ক্রেডিট পেমেন্ট, এবং স্টেটব্যাপী শিশুদের জন্য খাদ্য সহায়তা হলো কর্মজীবী পরিবারসমূহকে সমর্থন করতে এবং আমাদের সবথেকে দুর্বল মানুষ যাতে অবহেলিত না হয় তা নিশ্চিত করার জন্য অত্যাবশ্যকীয় পদক্ষেপ। এই প্রয়াসসমূহ কর্মজীবী নিউ ইয়র্কবাসীর জীবনে সত্যিকারের পার্থক্য তৈরি করে দিচ্ছে।"

অ্যাসেম্বলির সদস্য জেনিফার রাজকুমার বলেন, "STAR কর ক্রেডিট প্রায় তিন মিলিয়ন নিউ ইয়র্কবাসীর জন্য একটি অর্থনৈতিক লাইফলাইন, যা মৌলিক পণ্যের ব্যয় পরিশোধ করার জন্য তাদেরকে 1.6 বিলিয়ন মার্কিন ডলার ফেরত দেয়। আজকে আমরা STAR কে 21 শতকে নিয়ে আসার জন্য ঐতিহাসিক সংশোধন করেছি। নিউ ইয়র্কবাসীরা এখন ক্রেডিটের অভূতপূর্ব অ্যাক্সেসিবিলিটি পাবে, যার মধ্যে সরাসরি ডিপোজিটের সুযোগ থাকবে যাতে আরো বেশি গৃহস্থালি তাদের উপার্জিত রিবেট চেক পেতে পারে। একত্রে, আমরা অতি প্রয়োজনীয় অর্থনৈতিক ত্রাণ প্রদান করছি, নিউ ইয়র্কবাসীর জীবনযাত্রার ব্যয় হ্রাস করছি, এবং আমাদের কর ব্যবস্থাকে আরো ন্যায্য করছি।"

সিনেটর জেসিকা গঞ্জালেস-রোহাস বলেন, "নিউ ইয়র্ককে সকলের জন্য আরো সাশ্রয়ী করতে আমাদেরকে আমাদের পক্ষে সম্ভব সকল কিছু করতে হবে। গভর্নর হোকল কর্তৃক STAR রিবেট চেক বিতরণ হলো আমাদের সিটি এবং স্টেটের বাড়ির মালিকদের সমর্থন করার একটি দারুণ সুযোগ। নিউ ইয়র্কবাসীরা দৈনন্দিন প্রয়োজন পূরণ করতে আমাদের কাছে সাহায্য প্রার্থনা করে চলেছে তাই এই চেক সঠিক সময়ে প্রদান করা হচ্ছে। নিউ ইয়র্কবাসীরা অপেক্ষা করছিলো এবং এখন ত্রাণ পাচ্ছে। আজকে একটি গুরুত্বপূর্ণ দিন কারণ বাজেট আরো সংকীর্ণ হয়ে গেছে, বিল আরো বেশি হয়েছে। সকল নিউ ইয়র্কবাসীকে আমরা যাতে আরো ত্রাণ ও অ্যাক্সেসিবিলিটি প্রদান করতে পারি তা সম্ভব করতে সাহায্য করার জন্য সকলকে ধন্যবাদ।"

অ্যাসেম্বলির সদস্য ব্রায়ান কানিংহ্যাম বলেন, "প্রায় 3 মিলিয়ন নিউ ইয়র্কবাসীকে অর্থপূর্ণ কর ত্রাণ প্রদান করার ব্যাপারে গভর্নর হোকলের প্রতিশ্রুতি পূরণের ব্যাপারে তার নেতৃত্বের আমি প্রশংসা করছি। সরাসরি ডিপোজিটের সুবিধাসহ STAR কর্মসূচির সম্প্রসারণ হলো পরিবার ও বয়স্করা যাতে নির্বিঘ্নে এই ত্রাণের অ্যাক্সেস পেতে পারে তা নিশ্চিত করার জন্য একটি অতি গুরুত্বপূর্ণ ধাপ। জীবনযাপনের ব্যয় অনেকের জন্য সমস্যার সৃষ্টি করছে, তাই এই কর ক্রেডিট নিউ ইয়র্কের কর্মজীবী পরিবারের আর্থিক স্থিতিশীলতার জন্য একটি অত্যাবশ্যকীয় বিনিয়োগের প্রতিনিধিত্ব করে। ব্রুকলিন থেকে বাফেলো পর্যন্ত সকল যোগ্য বাসিন্দাকে এই সুযোগের সদ্ব্যবহার করার জন্য আমি তাগিদ প্রদান করছি। একত্রে আমরা সকলের জন্য আরো সাশ্রয়ী একটি নিউ ইয়র্ক গঠন করছি।"

অ্যাসেম্বলির সদস্য ইয়ুলডেকা টাপিয়া বলেন, "STAR কর্মসূচিটি বাড়ির মালিক ও বয়স্কদের জন্য একটি অতি গুরুত্বপূর্ণ লাইফলাইন হয়ে থাকছে, বিশেষ করে ব্রঙ্কসের সম্প্রদায়সমূহের জন্য যেখানে দারিদ্র্যের হার স্টেটের মধ্যে সর্বোচ্চ হারসমূহের একটি। আর্থিক এবং অর্থনৈতিক সহায়তা সম্প্রসারিত করার মাধ্যমে, যেমন চাইল্ড কেয়ার এবং চাইল্ড কর ক্রেডিটের বর্ধিত অ্যাক্সেস, আমরা নিশ্চিত করছি যাতে পরিবারসমূহ যা সবথেকে জরুরি সেখানে মনোযোগ দিতে পারে। এই উদ্যোগসমূহ পুরো নিউ ইয়র্ক স্টেটের বাসিন্দাদের সমর্থন করা এবং সকলের জীবন জীবনযাত্রার মান উন্নত করতে নিউ ইয়র্ক স্টেটের চলমান প্রতিশ্রুতির প্রতিফলন করে।"

অ্যাসেম্বলি সদস্য ডানা লেভেনবার্গ বলেন, "নিউ ইয়র্ক আমাদের দেশের মহানতম স্টেট, এবং এই স্থানে বসবাস ও কাজ করার সামর্থ্য মানুষের জন্য আরো সহজ করতে আমরা প্রতিদিন কাজ করছি। STAR রিবেটের মতো কর্মসূচিগুলি বাড়ির মালিকদেরকে তাদের বাজেটে বাড়তি কিছু শিথিলতা প্রদান করে, এবং নতুন সরাসরি ডিপোজিট কর্মসূচিতে নাম লেখানো হলে সেই অর্থ পাওয়ার প্রক্রিয়াটি আরো সরল হবে। এবং আমাদের চাইল্ড কর ক্রেডিট কর্মসূচি সম্প্রসারণ করা, স্কুল বন্ধ থাকার সময় শিশুদের আহার প্রদান করার জন্য গ্রীষ্মকালীন ইলেক্ট্রনিক বেনিফিট ট্রান্সফার (Electronic Benefit Transfer, EBT) প্রদান, এবং NY.gov/childcare এর মতো কর্মসূচি নিয়ে আসার মাধ্যমে আমরা আমাদের শিশুদের এবং তাদের দেখাশোনা করা প্রাপ্তবয়স্কদের জন্য সেফটি নেটকে বলীয়ান করছি। এই অত্যাবশ্যকীয় কর্মসূচিগুলি নিউ ইয়র্কবাসীকে স্থিতিশীল হতে এবং অগ্রসর হতে সাহায্য করে, এবং এগুলিকে সমর্থন করতে পেরে আমি গর্বিত। নিউ ইয়র্কের পরিশ্রমী এবং মধ্যবিত্ত শ্রেণীর পরিবারসমূহকে সমর্থন করার উপায় খুঁজতে গভর্নর হোকল এবং আইনসভায় আমার সহকর্মীদের সাথে আমি কাজ অব্যাহত রাখবো।"

অ্যাসেম্বলির সদস্য জর্জ আলভারেজ বলেন, "সহজ সরল কথা হলো - ভাড়া অত্যধিক পরিমাণ বেশি। আকাশচুম্বী ভাড়ার কারণে ব্যাপক সংখ্যক নিউ ইয়র্কবাসী অন্যত্র সাশ্রয়ী আবাসনের সন্ধানে এখান থেকে প্রস্থান করেছে। এই ব্যাপারে গভর্নর হোকলের নেতৃত্বের আমি প্রশংসা করছি এবং আমাদের প্রতিবেশীরা যাতে স্বাচ্ছন্দ্যে বসবাস করতে পারে, এবং আমাদের বয়স্ক ব্যক্তিরা যাতে এক স্থানে শেষ বয়স কাটাতে পারে তা নিশ্চিত করতে তার সাথে কাজ অব্যাহত রাখার জন্য আমি উন্মুখ।"

অ্যাসেম্বলির সদস্য ম্যারিজেন শিমস্কি বলেন, "STAR ক্রেডিটে এই বৃদ্ধির ফলে, মিড হাডসনের বাসিন্দারা অর্ধ বিলিয়নের বেশি কর ত্রাণ দেখতে পারবে। চাইল্ড কর ক্রেডিট, চাইল্ড কেয়ার, এবং খাদ্য সহায়তা কর্মসূচির সম্প্রসারণের সাথে মিলিত হয়ে এই কর্মসূচিগুলি কর্মজীবী পরিবার থেকে শুরু করে নির্দিষ্ট উপার্জনসহ বয়স্ক পর্যন্ত, এখানে বাস করা ব্যক্তিদের জন্য নিউ ইয়র্ককে আরো সাশ্রয়ী করবে। বাসিন্দা ও সম্প্রদায়ের জন্য বিনিয়োগ করে এমন একটি স্টেট বাজেটকে সমর্থন করতে পেরে আমি গর্বিত, এবং এই গুরুত্বপূর্ণ মিশনে গভর্নর হোকলের নেতৃত্বের জন্য তাকে ধন্যবাদ জানাচ্ছি।"

আরো পরিবারকে চাইল্ড কেয়ার পরিশোধ করতে সাহায্য করা

এই গ্রীষ্মকালে গভর্নর হোকল ny.gov/childcare এর সূচনা করেছেন, এটি একটি ডিজিটাল পোর্টাল যা নিউ ইয়র্ক স্টেটের চাইল্ড কেয়ার সহায়তা কর্মসূচির মাধ্যমে স্টেটব্যাপী যোগ্য পরিবারসমূহের জন্য বিনামূল্যে বা স্বল্প ব্যয়ের চাইল্ড কেয়ার আরো অ্যাক্সেসিবল করতে সাহায্য করে। নতুন এই উদ্যোগটি হলো অর্থবছর 2025 এর প্রণীত বাজেটে গভর্নর হোকলের নিশ্চিত করা CCAP এর জন্য ঐতিহাসিক 1.8 বিলিয়ন মার্কিন ডলার স্টেট ও ফেডারেল বিনিয়োগের অনুবর্তী। অধিকাংশ যোগ্য পরিবারের জন্য CCAP বাজার দরের চাইল্ড কেয়ার ব্যয়ের 90 শতাংশের বেশি প্রদান করে, এবং চার সদস্যের অধিকাংশ পরিবার সপ্তাহে চাইল্ড কেয়ারের জন্য 15 মার্কিন ডলারের বেশি ব্যয় করছে না।

গভর্নর এর পূর্বে চাইল্ড কেয়ার ব্যবস্থাকে ঢেলে সাজাতে এবং ঐতিহাসিক, অনন্য বিনিয়োগ করতে আইনসভার সাথে কাজ করেছেন, যার মধ্যে রয়েছে চাইল্ড কেয়ার সহায়তা কর্মসূচি উন্নত করতে একটি চার বছরের 7 বিলিয়ন মার্কিন ডলারের প্রতিশ্রুতি; নিউ ইয়র্কের অর্ধেকের বেশি কমবয়সী শিশুর জন্য চাইল্ড কেয়ার সহায়তার জন্য আয়ের যোগ্যতা সম্প্রসারিত করা; পরিবারসমূহ বাছাই করতে পারবে এমন কর্মসূচির সংখ্যা সম্প্রসারিত করতে সেবাদানকারীদের জন্য স্টেটের ব্যয়পূরণের হার বৃদ্ধি; একটা চাইল্ড কেয়ার ক্যাপিটাল কর্মসূচি প্রতিষ্ঠা করতে 50 মিলিয়ন মার্কিন ডলার; বন্ধ হয়ে যাওয়ার ঝুঁকিতে থাকা কর্মসূচিকে স্থিতিশীল করতে এবং চাইল্ড কেয়ার কর্মীবাহিনীকে সমর্থন করতে 343 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ; এবং সকল নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটি (State University of New York, SUNY) ও নিউ ইয়র্ক সিটি ইউনিভার্সিটি (City University of New York, CUNY) ক্যাম্পাসে চাইল্ড কেয়ার সম্প্রসারিত করতে 15.6 মিলিয়ন মার্কিন ডলার।

চাইল্ড কর ক্রেডিট পেমেন্টের অ্যাক্সেস সম্প্রসারণ করা

এছাড়াও গভর্নর হোকল এর পূর্বে ঘোষণা করেছেন যে এম্পায়ার স্টেট চাইল্ড ক্রেডিট (Empire State Child Credit) কর্মসূচির মাধ্যমে স্টেটব্যাপী নিম্ন ও মধ্যম আয়ের পরিবারকে নিউ ইয়র্ক স্টেট আনুমানিক 350 মিলিয়ন মার্কিন ডলার সম্পূরক পেমেন্ট প্রদান করেছে। 1 মিলিয়নের

বেশি পরিবার আবেদন করার কোনো প্রয়োজন ছাড়াই এই আর্থিক সহায়তা পেয়েছে, এবং প্রত্যেক যোগ্য পরিবার শিশুপ্রতি সর্বোচ্চ 330 মার্কিন ডলার করে একটি সরাসরি পেমেন্ট পেয়েছে।

এম্পায়ার স্টেট চাইল্ড ক্রেডিট হলো আয় অনুযায়ী যোগ্য সন্তানসহ নিউ ইয়র্কবাসীর জন্য একটি রিফান্ডযোগ্য কর ক্রেডিট। চার বছরের কম বয়সী শিশুদের অন্তর্ভুক্ত করার জন্য 2023 সালে গভর্নর হোকল এবং স্টেটের আইনসভা (State Legislature) এম্পায়ার স্টেট চাইল্ড ক্রেডিটকে সম্প্রসারণ করেন, যার ফলে প্রতিবছর আনুমানিক 600,000 অতিরিক্ত শিশু লাভবান হয়। এর পূর্বে এই বছরে, এম্পায়ার স্টেট চাইল্ড ক্রেডিটের জন্য যোগ্য 1 মিলিয়নের বেশি পরিবার তাদের 2023 সালের কর ফাইলিংয়ের উপর ভিত্তি করে কয়েকশত মিলিয়ন মার্কিন ডলার কর ক্রেডিট লাভ করেছে।

খাদ্য সহায়তা প্রদান

এছাড়াও গভর্নর ক্যাথি হোকল এর পূর্বে ঘোষণা করেছেন যে নতুন গ্রীষ্মকালীন ইলেক্ট্রনিক বেনিফিট ট্রান্সফার কর্মসূচির অংশ হিসেবে 1.5 মিলিয়নের বেশি নিম্ন আয়ের শিশুদের জন্য প্রায় 200 মিলিয়ন মার্কিন ডলার খাদ্য সহায়তা প্রদান করা হয়েছে। স্বাস্থ্যকর আহারের মূল্য পরিশোধে সাহায্য করার জন্য নিউ ইয়র্ক যোগ্য পরিবারসমূহকে শিশু প্রতি 120 মার্কিন ডলার প্রেরণ করছে। বহু যোগ্য পরিবার ইতিমধ্যেই এই সহায়তা পাওয়া শুরু করেছে এবং আগামী সপ্তাহগুলিতে বেনিফিট প্রেরণ করা অব্যাহত রাখা হবে।

গ্রীষ্মকালীন EBT এখন একটি ফেডারেলগতভাবে অর্থায়িত কর্মসূচি যা নিম্ন আয়ের পরিবারের শিশুদের মধ্যে খাদ্য অনিরাপত্তা সমাধানের প্রয়াসকে সমর্থন করে। গ্রীষ্মকালীন EBT কর্মসূচিতে অংশগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করা প্রতিটি স্টেট যোগ্য পরিবারকে শিশুপ্রতি 120 মার্কিন ডলার বিতরণ করার দায়িত্ব পাবে, এবং একই সাথে তহবিল বিতরণ করা সংশ্লিষ্ট প্রশাসনিক ব্যয়ের অর্ধেক পরিশোধ করবে। গভর্নর হোকল নিশ্চিত করেন যে নিউ ইয়র্ক এই কর্মসূচিতে অংশগ্রহণ করবে এবং পুরো স্টেটে গ্রীষ্মকালীন EBT বিতরণ প্রয়াসকে সমর্থন করার জন্য স্টেটের অর্থবছর 2025 এর প্রণীত বাজেটে 13 মিলিয়ন মার্কিন ডলার নিশ্চিত করেন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন